গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর

এবং

সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৩ - জুন ৩০, ২০২৪

# সূচিপত্র


দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৮

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১২

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৩

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৪

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৫

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

ভোক্তা-অধিকার বিষয়ে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে ২০২০-২০২১ অর্থবছরে ৭,৫০,০০০ টি, ২০২১-২০২২ অর্থবছরে ৭,৩০,০০০ টি লিফলেট, প্যাম্ফলেট ও ক্যালেন্ডার এবং ২০২২-২০২৩ অর্থবছরের ৩০ এপ্রিল ২০২৩ তারিখ পর্যন্ত ৭,০২,০০০ টি লিফলেট, প্যাম্ফলেট ও ডায়েরি বিতরণ করা হয়েছে। ভোক্তা-অধিকার বিরোধী কার্য প্রতিরোধের লক্ষ্যে দেশব্যাপী 'ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯' এর অধীনে অধিদপ্তরের বাজার তদারকি টিম ২০২০-২০২১ অর্থবছরে ১১,৯৫৩টি বাজার তদারকির মাধ্যমে ১৩,৩৬,০৩,৭০০/- (তেরো কোটি ছত্রিশ লক্ষ তিন হাজার সাতশত) টাকা, ২০২১-২০২২ অর্থবছরে ১০৬২৫টি বাজার তদারকির মাধ্যমে ১৭,৫৯,১২,৯০০ (সতেরো কোটি উনষাট লক্ষ বারো হাজার নয়শত) টাকা এবং ২০২২-২০২৩ অর্থবছরে ০১ জুলাই ২০২২ থেকে ৩০ এপ্রিল ২০২৩ পর্যন্ত ১০,২৬৫টি বাজার তদারকির মাধ্যমে ১৬,৯৪,৫০,২০০/- (ষোল কোটি চুরানব্বই লক্ষ পঞ্চাশ হাজার দুইশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করেছে। ভোক্তাগণের অভিযোগ গ্রহণের লক্ষ্যে ০৩ আগস্ট ২০১৪ তারিখে ভোক্তা-অভিযোগ কেন্দ্র (এনসিসিসি) এবং ১৫ মার্চ ২০২০ তারিখে 'ভোক্তা-বাতায়ন' শীর্ষক হটলাইন স্থাপন করা হয়েছে। বিগত ০৬ এপ্রিল ২০১০ থেকে ৩০ এপ্রিল ২০২৩ পর্যন্ত অভিযোগ পাওয়া গিয়েছে ৯৪০৫৫টি, অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে ৮৬৫০৫টি ও অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ৫,৯৩,৩০,৮০৮/- (পাঁচ কোটি তিরানব্বই লক্ষ ত্রিশ হাজার আটশত আট) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়েছে। 'ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯' এর ৭৬(৪) ধারায় ২০০৯ থেকে ৩০ এপ্রিল ২০২৩ তারিখ পর্যন্ত আদায়কৃত জরিমানার ২৫% প্রণোদনা হিসেবে মোট ৮,৩২৬ জন অভিযোগকারীকে ১,৪৫,৬৬,০৭৭/- (এক কোটি পঁয়তাল্লিশ লক্ষ ছেষট্টি হাজার সাতাত্তর) টাকা প্রদান করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

'ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯' সম্পর্কে দেশের জনগণকে সচেতন ও অবহিতকরণ, ভোক্তাদের ই-কমার্স বিষয়ে সচেতনতার অভাবে ই-কমার্স সম্পর্কিত অভিযোগ বৃদ্ধি এবং ভোক্তা-অধিকার বিরোধী কার্য প্রতিরোধে বাজার তদারকি/অভিযান পরিচালনায় অন্যান্য সংস্থার সাথে সমন্বয় সাধন।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

'ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন-২০০৯' ও ই-কমার্স বিষয়ে জনগণকে সচেতন করার জন্য প্রচারণামূলক কার্যক্রম জোরদার, প্রাপ্ত অভিযোগসমূহ দ্রুততম সময়ের মধ্যে নিষ্পত্তি এবং বাজার তদারকি/অভিযান পরিচালনায় অন্যান্য সংস্থার সাথে সমন্বয় করে আইনের সুফল দেশের সকল মানুষের নিকট পৌঁছে দেয়া।

**২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ৭,০০,০০০ টি লিফলেট ও প্যাম্ফলেট প্রচার সামগ্রী মুদ্রণ ও বিতরণ;
- অধিদপ্তরের কার্যক্রম সম্পর্কিত ১৮০ টি ভিডিও অধিদপ্তরের ইউটিউব/ফেসবুক পেজ এ প্রচার
- ৭৬০ টি সেমিনার/ওয়ার্কসপ/মতবিনিময় সভা আয়োজন;
- ১০,০০০ টি বাজার তদারকি;
- ১৫ মার্চ বিশ্ব ভোক্তা-অধিকার দিবস উদযাপন;
- ১০০০টি সচেতনতামূলক সভা/গণশুনানি আয়োজন;
- সেন্ট্রাল কমপ্লেইন ম্যানেজমেন্ট সিস্টেম (সিসিএমএস) শীর্ষক সফটওয়্যারে প্রাপ্ত ৫০% অভিযোগ দ্রুততম সময়ে নিষ্পত্তি এবং
- অফলাইনে প্রাপ্ত ৬০% অভিযোগ দ্রুততম সময়ে নিষ্পত্তি।
- অধিদপ্তরের ১৩-২০ গ্রেডের শূন্যপদ পূরণ

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর

এবং

সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়-এর মধ্যে ২০২৩ সালের জুন মাসের ২৫ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

ভোক্তা-অধিকার নিশ্চিতকরণ।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর কার্যকর বাস্তবায়নে ভোক্তা-অধিকার বিরোধী কার্যক্রম প্রতিরোধ এবং অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ভোক্তার অধিকার সংরক্ষণ।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সচেতনতা বৃদ্ধি

২. অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধি

৩. অভিযোগ নিষ্পত্তি

৪. ভোক্তা-অধিকার বিরোধী কার্যক্রম প্রতিরোধ

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে গণশুনানি, সচেতনতামূলক সভা, সেমিনার ও ওয়ার্কসপ আয়োজনসহ অন্যান্য কার্যক্রম গ্রহণজনসহ অন্যান্য কার্যক্রম গ্রহণ

২. অধিদপ্তরের ১৩-২০ গ্রেডের শূন্যপদ পূরণ

৩. ভোক্তাদের অভিযোগ নিষ্পত্তি

৪. বাজার তদারকির মাধ্যমে ভোক্তা-স্বার্থ সংরক্ষণ

## সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৪-২০২৫ | ২০২৫-২০২৬ | | |
| সচেতনতা বৃদ্ধি | লিফলেট মুদ্রিত ও বিতরণকৃত | সংখ্যা | ৪ | ৩.৯৯ | ৪.০০ | ৪.১০ | ৪.২০ | - | ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনার ১.৪.১ (পৃষ্ঠা ১৫৪) সুনির্দিষ্ট লক্ষ্য- সিদ্ধান্ত গ্রহণে অংশগ্রহণ, জবাবদিহিতা ও স্বচ্ছতা বৃদ্ধি |
| | প্যাম্ফলেট মুদ্রিত ও বিতরণকৃত | সংখ্যা | ৩ | ২.৯৯ | ৩.০০ | ৩.৩০ | ৩.৪০ | - | ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনার ১.৪.১ (পৃষ্ঠা ১৫৪) সুনির্দিষ্ট লক্ষ্য- সিদ্ধান্ত গ্রহণে অংশগ্রহণ, জবাবদিহিতা ও স্বচ্ছতা বৃদ্ধি |
| | ভিডিও প্রচারকৃত | সংখ্যা | - | - | ১৮০ | ২০০ | ২২০ | - | ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনার ১.৪.১ (পৃষ্ঠা ১৫৪) সুনির্দিষ্ট লক্ষ্য- সিদ্ধান্ত গ্রহণে অংশগ্রহণ, জবাবদিহিতা ও স্বচ্ছতা বৃদ্ধি |
| | সেমিনার/ওয়ার্কসপ/মতবিনিময় সভা অনুষ্ঠিত | সংখ্যা | ৭৪০ | ৫১২ | ৭৬০ | ৭৮০ | ৮০০ | জেলা ও উপজেলা প্রশাসন | ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনার ১.৪.১ (পৃষ্ঠা ১৫৪) সুনির্দিষ্ট লক্ষ্য- সিদ্ধান্ত গ্রহণে অংশগ্রহণ, জবাবদিহিতা ও স্বচ্ছতা বৃদ্ধি |
| | সচেতনতামূলক সভা/গণশুনানি অনুষ্ঠিত | সংখ্যা | ১০৭৫ | ৮৩১ | ১০০০ | ১০২৫ | ১০৫০ | - | ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনার ১.৪.১ (পৃষ্ঠা ১৫৪) সুনির্দিষ্ট লক্ষ্য- সিদ্ধান্ত গ্রহণে অংশগ্রহণ, জবাবদিহিতা ও স্বচ্ছতা বৃদ্ধি |
| | দিবস উদযাপিত | সংখ্যা | ৪৯৬ | ৪৯৭ | ৪৯৯ | ৪৯৯ | ৪৯৯ | জেলা ও উপজেলা প্রশাসন | ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনার ১.৪.১ (পৃষ্ঠা ১৫৪) সুনির্দিষ্ট লক্ষ্য- সিদ্ধান্ত গ্রহণে অংশগ্রহণ, জবাবদিহিতা ও স্বচ্ছতা বৃদ্ধি |
| অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধি | শূন্যপদ পূরণকৃত | % | ৭০ | - | ৭০ | - | - | বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন, জনপ্রশাসন মন্ত্রণালয় ও বাণিজ্য মন্ত্রণালয় | ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনার সুশাসন প্রতিষ্ঠা |
| | কার্যালয় পরিদর্শনকৃত | সংখ্যা | - | - | ১০ | ১২ | ১৪ | - | ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনার সুশাসন প্রতিষ্ঠা |

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৪-২০২৫ | ২০২৫-২০২৬ | | |
| অভিযোগ নিষ্পত্তি | সিসিএমএস এ অভিযোগ নিষ্পত্তি | % | - | - | ৫০ | ৫৫ | ৬০ | - | স্মার্ট বাংলাদেশ ভিশন ২০৪১ অনুযায়ী অনলাইনভিত্তিক সেবা প্রদান |
| | অফলাইনে অভিযোগ নিষ্পত্তি | % | ৬১.৩৪ | ৬৩.৭৫ | ৭০ | ৭৫ | ৮০ | - | ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনার সুশাসন প্রতিষ্ঠা |
| ভোক্তা-অধিকার বিরোধী কার্যক্রম প্রতিরোধ | বাজার তদারকি সম্পন্ন | সংখ্যা | ১০৬২৫ | ১০২৬৫ | ১০০০০ | ১০০০০ | ১০০০০ | বাংলাদেশ পুলিশ, বিএসটিআই, কৃষি বিপণন অধিদপ্তর, বিসিএসআইআর, স্বাস্থ্য অধিদপ্তর, মৎস্য অধিদপ্তর, পরিবেশ অধিদপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর | ২৮ আগস্ট ২০১৪ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয় পরিদর্শনকালে গৃহিত সিদ্ধান্তের ২১ নম্বরের ১ ও ২ এবং ২৭ নভেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিত সচিব সভায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত ১৫ নম্বর নির্দেশনা |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩
## কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [১] সচেতনতা বৃদ্ধি | ৪৫ | [১.১] সচেতনতা বৃদ্ধির জন্য লিফলেট ও প্যাম্ফলেট মুদ্রণপূর্বক বিতরণ এবং অধিদপ্তরের ইউটিউব চ্যানেল/ফেসবুক পেজ এ ভিডিও প্রচার | [১.১.১] লিফলেট মুদ্রিত ও বিতরণকৃত | সমষ্টি | সংখ্যা (লক্ষ) | ৭ | ৪ | ৩.৯৯ | ৪.০০ | ৩.৯০ | ৩.৮০ | ৩.৭০ | | ৪.১০ | ৪.২০ |
| | | | [১.১.২] প্যাম্ফলেট মুদ্রিত ও বিতরণকৃত | সমষ্টি | সংখ্যা (লক্ষ) | ৭ | ৩ | ২.৯৯ | ৩.০০ | ২.৮০ | ২.৭০ | ২.৬০ | | ৩.৩০ | ৩.৪০ |
| | | | [১.১.৩] ভিডিও প্রচারকৃত | সমষ্টি | সংখ্যা | ৮ | | | ১৮০ | ১৭০ | ১৬০ | ১৫০ | | ২০০ | ২২০ |
| | | [১.২] সেমিনার/ওয়ার্কসপ/মতবিনিময় সভা | [১.২.১] সেমিনার/ওয়ার্কসপ/মতবিনিময় সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ৮ | ৭৪০ | ৫১২ | ৭৬০ | ৭৪০ | ৭৩০ | ৭২০ | | ৭৮০ | ৮০০ |
| | | [১.৩] সচেতনতামূলক সভা/গণশুনানি | [১.৩.১] সভা/গণশুনানি অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ৭ | ১০৭৫ | ৮৩১ | ১০০০ | ৯৫০ | ৯২৫ | ৯০০ | | ১০২৫ | ১০৫০ |
| | | [১.৪] ঢাকা মহানগরসহ বিভাগ, জেলা ও উপজেলায় বিশ্ব ভোক্তা অধিকার দিবস উদযাপন | [১.৪.১] দিবস উদযাপিত | সমষ্টি | সংখ্যা | ৮ | ৪৯৬ | ৪৯৭ | ৪৯৯ | | | | | ৪৯৯ | ৪৯৯ |
| [২] অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধি | ৯ | [২.১] ১৩-২০ গ্রেডের শূন্যপদ পূরণ | [২.১.১] শূন্যপদ পূরণকৃত | ক্রমপুঞ্জিভূত | % | ৫ | ৭০ | | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | | | |
| | | [২.২] অধীনস্থ কার্যালয় পরিদর্শন | [২.২.১] কার্যালয় পরিদর্শনকৃত | সমষ্টি | সংখ্যা | ৪ | | | ১০ | ৯ | ৮ | ৭ | | ১২ | ১৪ |
| [৩] অভিযোগ নিষ্পত্তি | ৮ | [৩.১] অফলাইনে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি | [৩.১.১] অভিযোগ নিষ্পত্তিকৃত | গড় | % | ৪ | ৬১.৩৪ | ৬৩.৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | | ৭৫ | ৮০ |
| | | [৩.২] সিসিএমএস এ প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি | [৩.২.১] অভিযোগ নিষ্পত্তিকৃত | গড় | % | ৪ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | | ৫৫ | ৬০ |
| [৪] ভোক্তা-অধিকার বিরোধী কার্যক্রম প্রতিরোধ | ৮ | [৪.১] বাজার তদারকি | [৪.১.১] বাজার তদারকি সম্পন্ন | সমষ্টি | সংখ্যা | ৮ | ১০৬২৫ | ১০২৬৫ | ১০০০০ | ৯৫০০ | ৮৫০০ | ৮০০০ | | ১০০০০ | ১০০০০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, মহাপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয় হিসাবে মহাপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| ........................................ | ২৫/০৪/২০২৩<br>........................................ |
| মহাপরিচালক<br>জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর | তারিখ |
| ........................................ | ২৫/৪/২৩<br>........................................ |
| সিনিয়র সচিব<br>বাণিজ্য মন্ত্রণালয় | তারিখ |

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | CCMS | Central Complain Management System |
| ২ | DNCRP | Directorate of National Consumers' Right Protection |
| ৩ | NCCC | National Consumer Complain Centre |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] সচেতনতা বৃদ্ধির জন্য লিফলেট ও প্যাম্ফলেট মুদ্রণপূর্বক বিতরণ এবং অধিদপ্তরের ইউটিউব চ্যানেল/ফেসবুক পেজ এ ভিডিও প্রচার | [১.১.১] লিফলেট মুদ্রিত ও বিতরণকৃত | কার্যক্রম শাখা | সামারি রিপোর্ট এবং লিফলেট বিতরণ রেজিষ্টার |
| | [১.১.২] প্যাম্ফলেট মুদ্রিত ও বিতরণকৃত | কার্যক্রম শাখা | সামারি রিপোর্ট এবং প্যাম্ফলেট বিতরণ রেজিষ্টার |
| | [১.১.৩] ভিডিও প্রচারকৃত | প্রচার শাখা | সামারি রিপোর্ট এবং ভিডিও প্রচারের লিংক |
| [১.২] সেমিনার/ওয়ার্কসপ/মতবিনিময় সভা | [১.২.১] সেমিনার/ওয়ার্কসপ/মতবিনিময় সভা অনুষ্ঠিত | প্রশিক্ষণ শাখা | সামারি রিপোর্ট, বাজেট বরাদ্দের জিও এর কপি |
| [১.৩] সচেতনতামূলক সভা/গণশুনানি | [১.৩.১] সভা/গণশুনানি অনুষ্ঠিত | কার্যক্রম শাখা | সামারি রিপোর্ট, সভার নোটিশ ও উপস্থিতি, সভার কার্যবিবরণী/রেকর্ড নোটস |
| [১.৪] ঢাকা মহানগরসহ বিভাগ, জেলা ও উপজেলায় বিশ্ব ভোক্তা অধিকার দিবস উদযাপন | [১.৪.১] দিবস উদযাপিত | প্রচার শাখা | সামারি রিপোর্ট, বাজেট বরাদ্দের জিও এর কপি |
| [২.১] ১৩-২০ গ্রেডের শূন্যপদ পূরণ | [২.১.১] শূন্যপদ পূরণকৃত | প্রশাসন শাখা | সামারি রিপোর্ট, নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কপি এবং নিয়োগের অফিস আদেশ |
| [২.২] অধীনস্থ কার্যালয় পরিদর্শন | [২.২.১] কার্যালয় পরিদর্শনকৃত | প্রশাসন শাখা | সামারি রিপোর্ট, পরিদর্শন প্রতিবেদন |
| [৩.১] অফলাইনে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি | [৩.১.১] অভিযোগ নিষ্পত্তিকৃত | অভিযোগ শাখা | অভিযোগ সংক্রান্ত সামারি রিপোর্ট |
| [৩.২] সিসিএমএস এ প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি | [৩.২.১] অভিযোগ নিষ্পত্তিকৃত | অভিযোগ শাখা | অভিযোগ সংক্রান্ত সামারি রিপোর্ট |
| [৪.১] বাজার তদারকি | [৪.১.১] বাজার তদারকি সম্পন্ন | কার্যক্রম শাখা | বাজার তদারকি সংক্রান্ত সামারি রিপোর্ট |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| বাজার তদারকি | বাজার তদারকি সম্পন্ন | বাংলাদেশ পুলিশ | বাজার তদারকি কার্যক্রমে আইন শৃংখলা বজায় রাখা ও নিরাপত্তার জন্য পুলিশের সহায়তা গ্রহণ। পত্র যোগাযোগ এবং বাজার তদারকি টিমে নেতৃত্ব প্রদানকারী কর্মকর্তা কর্তৃক তদারকির পূর্বে সংশ্লিষ্ট অফিসের সাথে টেলিফোনে যোগাযোগের মাধ্যমে কার্যক্রম সমন্বয়। |
| বাজার তদারকি | বাজার তদারকি সম্পন্ন | বিএসটিআই, কৃষি বিপণন অধিদপ্তর, বিসিএসআইআর, স্বাস্থ্য অধিদপ্তর, মৎস্য অধিদপ্তর, পরিবেশ অধিদপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর | কারিগরি জ্ঞানসম্পন্ন লোক বাজার তদারকি কার্যক্রম ফলপ্রসূ করতে সহায়ক হয়। পত্র যোগাযোগ এবং বাজার তদারকি টিমে নেতৃত্ব প্রদানকারী কর্মকর্তা কর্তৃক তদারকির পূর্বে সংশ্লিষ্ট অফিসের সাথে টেলিফোনে যোগাযোগের মাধ্যমে কার্যক্রম সমন্বয়। |
| সেমিনার/ওয়ার্কসপ/মতবিনিময় সভা | সেমিনার/ওয়ার্কসপ/মতবিনিময় সভা অনুষ্ঠিত | বিভাগ,জেলা ও উপজেলা প্রশাসন | বিভাগ, জেলা ও উপজেলা প্রশাসনের সহযোগিতায় ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন,২০০৯ বাস্তবায়নের লক্ষ্যে বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে সেমিনার/ওয়ার্কসপ/মতবিনিময় সভা আয়োজন |
| ঢাকা মহানগরসহ বিভাগ, জেলা ও উপজেলায় বিশ্ব ভোক্তা অধিকার দিবস উদযাপন | দিবস উদযাপিত | বিভাগ,জেলা ও উপজেলা প্রশাসন | বিভাগ, জেলা ও উপজেলা প্রশাসনের সহযোগিতায় ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন,২০০৯ বাস্তবায়নের লক্ষ্যে বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে ১৫ মার্চ বিশ্ব ভোক্তা অধিকার দিবস উদযাপন |
| ১৩-২০ গ্রেডের শূন্যপদ পূরণ | শূন্যপদ পূরণকৃত | বাংলাদেশ সার্ভিস কমিশন, জনপ্রশাসন মন্ত্রণালয় ও বাণিজ্য মন্ত্রণালয় | বিভাগীয় নির্বাচন কমিটির মাধ্যমে শূন্যপদ পূরণের লক্ষ্যে মনোনীত সদস্য হিসেবে কার্যক্রম গ্রহণ। |

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ